

তারিখ
পৃষ্ঠা ১৫ - কলাম ১

ইসলামী বিশ্ববিদ্যালয়ে জমি লীজ দিতে পুকুর চুরির অভিযোগ

হোসেন আলি খান ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা। চতুর্থ আর্থিক সংকট কিছুটা কাটিয়ে উঠতে ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্যাম্পাসের ১১০ বিঘা জমি এক বছরের জন্য লীজ দিয়ে পান্ডা আর্থিক কঠোর সবুধীন হয়েছে। অনুসন্ধান জানা যায়, গত বছরের মে মাসে, টেকাদার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ৪র্থ শ্রেণী কর্মচারী সমিতির সভাপতি আঃ লতিফ এই জমি লীজ নেয়। লীজের শর্ত মোতাবেক তাকে প্রতি বিঘা ১ হাজার টাকা এবং কলা বা অন্য কোন ফল আবাদ করলে প্রতি বিঘা ১ হাজার ৮শ' টাকা হিসেবে প্রদানের শর্ত দেয় হয়। সুবিধা হিসেবে তাকে ২৩ বিঘা জমির মূল্যবান ছন-খড় (যা পানের বরজ ও ঘর ছাউনির কাজে ব্যবহৃত হয়) কেটে নেয়ার অনুমতি দেয়া হয়। কিন্তু ঠিকাদার লতিফ আরও একশ' বিঘা জমির ছন-খড় কেটে নিয়ে গেছে। যার আনুমানিক মূল্য তিন লক্ষাধিক টাকা। কর্তৃপক্ষ প্রতিবছর এই ছন-খড় নিলামে বিক্রি করে বিপুল অর্থ আয় করে থাকে। তবে এ বছর লীজ প্রদানের ঘটনায় সে আশা বিলীন হয়ে গেছে। উক্ত ঠিকাদার প্রকাশ্যে ক্রেতা ডেকে উক্ত একশ' বিঘা জমির ছন-খড় কেটে বিক্রি করেছে বলে প্রত্যক্ষদর্শী কর্মচারীরা জানান। ঠিকাদার তাকে প্রদত্ত সময়ের দু'মাস পর ছন-খড় কাটে বলে জানা যায়।

এদিকে উক্ত ঠিকাদার লীজের জমি আবাদের ক্ষেত্রেও শর্ত বা নিয়ম মানছে না। মূলতঃ ১১০ বিঘা জমির পৃথক মানচিত্র করে লীজ প্রদান করা হলেও ঠিকাদার আবাদ করছে কমপক্ষে দেড়শ' বিঘার মত জমি।

অনুসন্ধান জানা যায়, এই বিপুল আর্থিক ক্ষতি কাটিয়ে উঠতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রাথমিক কিছু উদ্যোগ নিলেও কতিপয় দুর্নীতিবাজ কর্মকর্তার যোগসাজশে উক্ত ঠিকাদার প্রথমে অর্থদত্ত দিতে রাজী হলেও ক্ষমতার দাপটে এখন চেহারা পাল্টে ফেলেছে। উক্ত ঠিকাদারের দাবির সাথে তিনজন শীর্ষ কর্মকর্তা, ২ জন শিক্ষক এবং ৪/৫ জন প্রভাবশালী কর্মচারী জড়িত বলে অভিযোগ পাওয়া গেছে।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রতিবছর নিলামে

শত শত বিঘা জমির মূল্যবান ছন-খড় বিক্রি করে থাকে। গতবার প্রথমবারের মত জমি লীজ দিতে গিয়ে সংশ্লিষ্টদের অসাধু তৎপরতার কারণে তা যেমন গোড়ায় পলদে পরিণত হয়েছে, তেমনি কর্তৃপক্ষের লাখ লাখ পাওনা টাকা আদায়ও

অনিশ্চিত হয়ে পড়েছে।

অনুসন্ধান আরো জানা যায়, উক্ত ঠিকাদার ভূমি 'গেট পাস' ব্যবহার করে কয়েকশ' ভ্যানে আলোচ্য ১শ' বিঘা জমির মূল্যবান ছন-খড় পাচার করেছে গত ডিসেম্বরে বিশ্ববিদ্যালয়ের